দৈনিক
ইত্তেফাক

তারিখ 17 JAN 2016
পৃঃ ৩ কলাম ৮

# দাউদকান্দিতে প্রাথমিক বিদ্যালয়ের ভবন উদ্বোধন

■ দাউদকান্দি (কুমিল্লা) সংবাদদাতা

গতকাল শনিবার দাউদকান্দি উপজেলার সুন্দলপুর প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবন উদ্বোধন করেন প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সভাপতি মেজর জেনারেল (অব.) সুবিদ আলী এম.পি.। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি হাবিবুল্লা সরকারের সভাপতিত্বে, উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ আসাদুজ্জামান, উপজেলা শিক্ষা অফিসার নিখিল চন্দ্র বিশ্বাস, থানা প্রকৌশলী রতন লাল সরকার। এতে উপস্থিত ছিলেন দাউদকান্দি প্রেসক্লাব সভাপতি মো. হাবিবুর রহমান হাবিব ও স্থানীয় ইউপি চেয়ারম্যান আসমাল মিয়াজীসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।